

# Times Today BD

ডেস্ক রিপোর্ট | দেশজুড়ে | 08 April, 2025

চেক প্রতারণার অভিযোগে দায়ের করা মামলায় জামালপুর সদর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক রুহুল আমীন মিলনকে ৪ মাসের বিনাশ্রম কারাদণ্ড দিয়েছেন আদালত।

সোমবার (৭ এপ্রিল) জামালপুর যুগ্ম জেলা জজ আদালতের ২য় আদালতের বিজ্ঞ বিচারক নিষ্কৃতি হাগিদক এই রায় ঘোষণা করেন।

মামলার এজাহার সূত্রে জানা যায়, আসামি রুহুল আমীন মিলন ৩ মাসের মেয়াদে বাদী শহিদুল্লাহ শহীদের কাছ থেকে ২ লাখ টাকা ধার নেন। নির্ধারিত সময় পার হয়ে গেলেও তিনি টাকা পরিশোধে গড়িমসি করতে থাকেন। এক পর্যায়ে গত ২০২৩ সালের ১২ জুলাই, পাওনা টাকা পরিশোধের পরিবর্তে কৃষি ব্যাংক জামালপুর শাখার চেকবই থেকে ২ লাখ টাকার একটি চেক প্রদান করেন।

পরবর্তীতে বাদী ব্যাংকে চেকটি জমা দিলে, ব্যাংক কর্তৃপক্ষ জানান, চেকে উল্লিখিত পরিমাণ অর্থ সংশ্লিষ্ট একাউন্টে নেই। পরে এ ঘটনায় শহিদুল্লাহ বাদী ২০২৩ সালের ২২ আগস্ট জামালপুর আদালতে চেক প্রতারণার অভিযোগে একটি মামলা দায়ের করেন।

আদালতে সাক্ষ্য-প্রমাণ উপস্থাপনের পর বিচারক রুহুল আমীন মিলনকে দোষী সাব্যস্ত করে চার মাসের বিনাশ্রম কারাদণ্ডের আদেশ দেন।

বাদী পক্ষে মামলাটি পরিচালনা করেন অ্যাডভোকেট মোহাম্মদ মোকাদ্দেস আলী।

অ্যাডভোকেট চেক প্রতারণা আদালত

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 24 April, 2025 23:52

URL: <https://timestodaybd.com/across-the-country/476445868>